Härnösands
kommun

# প্রাথমিক বিদ্যালয়ে স্বাগতম



**আপনি কি বরং শুনতে আগ্রহী?**

এখানে আপনি বিভিন্ন অধ্যায়ে বিভক্ত সম্পূর্ণ প্রচারপত্রটি বা ব্রশারটি খুঁজে পাবেন। আপনার পছন্দ অনুযায়ী অধ্যায়টি বেছে নিন।



# প্রাথমিক বিদ্যালয় – এটি কি ?

যে বছর আপনার সন্তান ছয় বছর বয়সে পৌঁছয় , সে বছর তাকে প্রাক-প্রাথমিক শ্রেণীতে / প্রিপেরেটরী ক্লাসে ভর্তি হতে হয় । প্রাক-প্রাথমিক শ্রেণীর পর শিশুটি প্রথম শ্রেণীতে পড়া শুরু করবে । এক বছর পরে সে দ্বিতীয় শ্রেণীতে এবং এভাবে নবম শ্রেণী অবধি লেখাপড়া চালিয়ে যাবে ।

যেসব শিশুরা স্কুল শেষ হয়ে যাবার পর বাড়িতে একা থাকতে পারে না, তাদের জন্য অবকাশ কেন্দ্র অথবা ফ্রিতিদ্স হেম বা ফ্রিতিদ্স রয়েছে, যেটিকে অধিকাংশ মানুষ ফ্রিতিদ্স নামে অভিহিত করে থাকে । ফ্রিতিদ্স ছয় (৬) থেকে তেরো (১৩) বছর বয়সী সেসকল শিশুদের জন্য, যাদের বাবা-মা চাকুরীরত বা শিক্ষারত রয়েছেন ।

দিনের যে অংশে স্কুলের কার্যক্রম শেষ হয়ে যায় এবং ছুটিকালীন অবস্থায় যেসময় স্কুল বন্ধ থাকে , সে সময়ে শিশুরা ফ্রিতিদসে থাকতে পারে। সন্ধ্যায় , রাতে , সপ্তাহান্তে বা শনি-রবিবারে ফ্রিতিদসে শিশুরা থাকতে পারেনা । তবে, যেসব শিশুদের বাবা-মা সন্ধ্যায় , রাতে বা ছুটির দিনে কাজ করেন এবং তাদের দেখাশোনা করার অন্য কেউ নেই, তাদের ক্ষেত্রে বিষয়টি ব্যতিক্রম । তাদের জন্যে নাত্তিস বা রাতের অবকাশ কেন্দ্র নামে একটি সেবার ব্যবস্থা রয়েছে। নাত্তিস সম্পর্কে আরও জানতে পারবেন এখানে **harnosand.se/nattis**

প্রিপেরেটরী ক্লাস বা প্রাক-প্রাথমিক শ্রেণী, প্রথম থেকে নবম শ্রেণী ( প্রাথমিক বিদ্যালয় ও উচ্চ বিদ্যালয়ের কার্যক্রম ) এবং ফ্রিতিদস এই সবকিছুকে মিলিয়ে প্রাথমিক বিদ্যালয় বা গ্রুন্দস্কুলা বলা হয়।

সুইডেনের স্কুলগুলোতে অবৈতনিক শিক্ষা প্রদান করা হয়। শিশুকে ফ্রিতিদসে ভর্তি করবার প্রয়োজন পড়লে সেক্ষেত্রে পৌরসভা অর্থ গ্রহণ করে থাকে । আপনি কত অর্থ প্রদান করবেন তা আপনার আয়ের উপর নির্ভর করে।

 স্কুলে শিশুদের যা যা সরঞ্জাম বা উপকরণ প্রয়োজন, যেমন বই, ট্যাবলেট বা কম্পিউটার, তারা সেগুলো বিনামূল্যে ধার নিতে পারবে । কিন্তু এটি গুরুত্বপূর্ণ যে,  বাচ্চারা যেসব দ্রব্যসামগ্রী ধার করবে সেগুলো সতর্কতার সাথে যেন ব্যবহার করে। উদাহরণস্বরূপ, যদি সপ্তম থেকে নবম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের ধারকৃত কম্পিউটারটি ভেঙে যায় বা হারিয়ে যায়, তবে অভিভাবক হিসেবে আপনি  অর্থ প্রদান করতে বাধ্য থাকবেন।

# আপনার অগ্রণী ভূমিকা

আপনার সন্তানের যেন স্কুল ভালো লাগে অভিভাবক হিসেবে আপনার জন্য তা গুরুত্বপূর্ণ। স্কুল আপনার সাথে যোগাযোগ রাখতে এবং আপনার সন্তানের স্কুলের বিষয়ে কথা বলতে অতিঅবশ্যই আগ্রহী । এটি করা হয় যেন  আপনারা একসাথে আপনার সন্তানের স্কুলজীবন  যতটা সম্ভব সুষ্ঠভাবে পরিচালিত হওয়া,  নিশ্চিত করতে সক্ষম হন ।  আপনার নিজ থেকে সংযুক্ত থাকা, স্কুলের তথ্যের সাথে নিজেকে সম্পৃক্ত রাখা, আপনার নিম্নে উল্লেখিত বিষয়সমুহ নিশ্চিত করা গুরুত্বপূর্ণ -  যেন আপনার সন্তান সঠিকভাবে ঘুমোয়, প্রাতরাশ বা সকালের নাস্তা করে এবং স্কুলে যাওয়ার জন্য সঠিক জিনিসপত্র সঙ্গে করে নিয়ে আসে এতে করে স্কুলে তার দিনটি ভাল কাটে ।



# স্কুল বাধ্যতামূলক

 সুইডেনে স্কুল বাধ্যতামূলক। এর অর্থ হলো শিশুরা স্কুলে পড়তে বাধ্য। অভিভাবক হিসেবে আপনার সন্তানকে স্কুলে পাঠানো আপনার দায়িত্ব ।

যদি সন্তানটি স্কুলে না আসে, তবে এর পেছনে কোন বিশেষ কারণ থাকতে হবে, উদাহরণস্বরূপ; যদি সে অসুস্থ থাকে অথবা সে ছুটিতে থাকার অনুমুতিপ্রাপ্ত হয় ।

# শিক্ষাবর্ষের সময়সূচি

একটি শিক্ষাবর্ষ সর্বদা গ্রীষ্মের পর আরম্ভ হয় এবং একটি শিক্ষাবর্ষ একটি শরৎকালীন শিক্ষা অর্ধবর্ষ ও  একটি বসন্তকালীন শিক্ষা অর্ধবর্ষ  নিয়ে গঠিত। শরৎকালীন শিক্ষা অর্ধবর্ষ আগস্টে আরম্ভ  হয়ে ডিসেম্বরে সমাপ্ত হয় । বসন্তকালীন শিক্ষা অর্ধবর্ষ জানুয়ারিতে আরম্ভ হয়ে  জুনে সমাপ্ত হয়। প্রতিটি শিক্ষাবর্ষের সুনির্দিষ্ট তারিখসমূহ আপনি **harnosand.se** তে "Barn och utbildning" সূচকের নীচে খুঁজে পাবেন।



# স্কুল নির্বাচন করুন

অভিভাবক বা পিতামাতা হিসেবে আপনি চাইলে আপনার সন্তানকে কোন স্কুলে পড়াতে চান তা বেছে নিতে পারেন। আপনি পুরো পৌরসভার মধ্যে যেকোনো স্কুল বেছে নেওয়ার অধিকার রাখেন, তবে এটি নিশ্চিত নয় যে আপনার পছন্দের স্কুলে স্থান পাওয়া যাবে। তবে আপনার সন্তান সর্বদা নিকটবর্তী কোনো স্কুলে স্থান পাওয়ার অধিকার রাখে।

আপনি কি আপনার বাড়ীর নিকটবর্তী যে স্কুল অবস্থিত তার চাইতে বরঞ্চ অন্য কোনো পৌর-স্কুল / পৌরসভার স্কুল বেছে নিতে আগ্রহী ? তাহলে আপনার সন্তানকে ভর্তি করবার আর্জি  সরাসরি আপনাকে সেই স্কুলে জমা দিতে হবে। আপনার সন্তান যদি  förskoleklass অর্থাৎ প্রেপেটরী ক্লাস বা প্রাক-প্রারম্ভিক শ্রেণীতে ভর্তি হতে যাচ্ছে, তাহলে আপনার পছন্দানুযায়ী যে অন্য পৌর-স্কুল আপনি বেছে নিয়েছেন, সে স্কুলে ভর্তির আবেদনপত্র আপনাকে পহেলা (১-ই ) ফেব্রুয়ারির মধ্যে জমা দিতে হবে।

হার্নোসান্ডস পৌরসভায় মোট এগারোটি পৌর প্রাথমিক বিদ্যালয়, একটি ফ্রিস্কুলা (বেসরকারি স্কুল) এবং রাষ্ট্রীয় ভাবে স্থাপনকৃত একটি মূক ও বধির প্রতিবন্ধী বিদ্যালয় রয়েছে।

# Schoolity শিক্ষণীয় প্ল্যাটফর্ম

Schoolity একটি ওয়েব-ভিত্তিক শিক্ষণীয় প্ল্যাটফর্ম যা শিক্ষাকর্মী, শিক্ষার্থী এবং অভিভাবকরা একে অপরের সাথে যোগাযোগ করতে, উপস্থিতি এবং অনুপস্থিতি দেখতে এবং শিক্ষার্থীর সময়সূচী ( রুটিন ) দেখতে ব্যবহার করে। এই লার্নিং প্ল্যাটফর্মটি স্কুলে শিক্ষার্থী এবং কর্মীদের দৈনন্দিন কার্যক্রম সহজ করতে সহায়ক। এর দ্বারা  আপনার পক্ষে আপনার সন্তানের দৈনন্দিন স্কুলজীবন অনুসরণ করা সহজতর হয়ে উঠে । এটি সুইডিশ ও ইংরেজি উভয় ভাষায় রয়েছে এবং আপনি নিজেই ভাষা নির্বাচন করতে পারবেন।

Schoolity ব্যবহার করার জন্য আপনার লগ-ইন তথ্যের প্রয়োজন হবে। কিভাবে এটি পাবেন সে সম্পর্কে আরও জানতে পারেন **harnosand.se/schoolity** তে । Schoolity সম্পর্কে সহায়তার প্রয়োজন হলে, আপনি হার্নোসান্ডস পৌরসভার সার্ভিস সেন্টারের সাথে যোগাযোগ করতে পারেন।

# অনুপস্থিতি ও অসুস্থতা

যদি আপনার সন্তান অসুস্থজনিত কারণে স্কুলে আসতে অপারগ হয়, তাহলে আপনাকে অবশ্যই বিষয়টি স্কুলকে অবহিত করতে হবে। এটি আপনি Schoolity এর মাধ্যমে করবেন। যে যে দিন আপনার সন্তান স্কুলে অনুপস্থিত থাকবে, সেই সেই দিনের প্রতিদিন স্কুলকে আপনার অবহিত করতে হবে ।

যদি আপনার সন্তানের স্কুলের সময়ের মধ্যে কখনো স্কুল ত্যাগ করার প্রয়োজন হয়, উদাহরণস্বরূপ চিকিৎসক বা দন্ত চিকিৎসক এর কাছে যাবার থাকলে, সেক্ষেত্রে আপনাকে শ্রেণীশিক্ষক/ক্লাস টীচার বা মেন্টরকে তা অবহিত করতে হবে।

# ছুটি

যদি আপনার সন্তানের স্কুল থেকে ছুটি নেয়ার প্রয়োজন পড়ে, তাহলে আপনাকে সময়মতো এর জন্য একটি আবেদন করতে হবে। এটি আপনি একটি ফরম পুরনের মাধ্যমে আবেদন করতে পারবেন, আবেদনপত্র বা ফরমটি **harnosand.se** থেকে সংগ্রহ করতে হবে। স্কুল যদি মনে করে ছুটিটি খুব বেশি স্কুলের কর্মকাণ্ডে নেতিবাচক প্রভাব ফেলবে, তবে সে ক্ষেত্রে আপনার সন্তানের ছুটি মঞ্জুর হবেনা।

একজন শিক্ষার্থী প্রতি শিক্ষাবর্ষে ১০ দিনের বেশি ছুটি পেতে পারে না। এর মানে হল যে যাবতীয় দীর্ঘকালীন ভ্রমণের পরিকল্পনা স্কুলের বার্ষিক ছুটিকালীন সময়ে করতে হবে এবং সে সময়ের ভেতরই ভ্রমণ সম্পন্ন করতে হবে।



# অবৈধ অনুপস্থিতি

স্কুলের একটি দায়িত্ব হলো স্কুল চলাকালীন সময়ে সকল সংশ্লিষ্ট শিক্ষার্থী কে কোথায় অবস্থান করছে সে ব্যাপারে অবগত থাকা । যদি আপনার সন্তান কোনও ক্লাসে না আসে এবং আপনি জানাননি যে সন্তানটি অসুস্থ বা ছুটি নিয়েছে, তাহলে আপনি তথাকথিত অবৈধ অনুপস্থিতি সংক্রান্ত একটি বার্তা পাবেন। এর মানে হল যে একটি শিশু অনুমতি না নিয়ে স্কুল থেকে অনুপস্থিত আছে।

আপনার সন্তানের অসুস্থতার কারণ বা স্কুলে অনুপস্থিত থাকার কারণ, স্কুলকে সুস্পষ্টভাবে অবহিত করাটা অত্যন্ত জরুরী । যদি আপনি স্কুলকে না জানিয়ে থাকেন কেন আপনার সন্তান স্কুলে আসছে না, তাহলে শিক্ষাকর্মীরা আপনার সাথে ততক্ষণ অব্দি যোগাযোগ করার চেষ্টা চালিয়ে যাবেন যতক্ষণ অব্দি না তাঁরা আপনার কাছে পৌছতে পারবেন। প্রথমে টেলিফোন, ইমেইল বা এসএমএস এর মাধ্যমে এবং পরবর্তী ধাপে বাড়িতে গিয়ে। যদি তাঁরা তখনও শিশুটিকে খুঁজে না পান বা কেন শিশুটি স্কুলে নেই তা জানতে অপারগ হন, তাহলে শেষ পর্যন্ত প্রয়োজনে তাঁরা পুলিশ বা সমাজসেবা অধিদপ্তরের কাছে শরণাপন্ন হবেন ।

যদি শিশুটির স্কুলে অনুপস্থিত থাকার পরিমাণ অনেক বেশী হয়, তাহলে স্কুল আপনার সাথে কথোপকথন করবার জন্য যোগাযোগ করবে।

# স্কুল আইন ও পাঠ্যক্রম

স্কুল আইনে শিশু, শিক্ষার্থী এবং অভিভাবকদের অধিকার এবং কর্তব্যসমূহ উল্লেখিত রয়েছে। আইনে এও উল্লেখিত আছে, যিনি স্কুলের সার্বিক দায়িত্বপ্রাপ্ত অর্থাৎ প্রতিষ্ঠানের প্রধান তাঁর ওপর কোন কোন কর্তব্য আরোপিত। যেহেতু আপনার সন্তান একটি পৌরসভার স্কুলে বা পৌর-স্কুলে পড়ছে, তাই সে স্কুলের প্রধান হার্নোসান্দস পৌরসভা স্বয়ং।

স্কুল্‌ভেরকেত বা শিক্ষা বোর্ড একটি রাষ্ট্রীয় সংস্থা যা নির্ধারণ করে যে, স্কুলে শিশুদের কী শেখানো হবে এবং কোন শ্রেণীতে তারা কোন জ্ঞান অর্জন করবে। তাঁরা যা নির্ধারণ করে তা পাঠ্যক্রম নামক একটি নথীতে উল্লেখ করা থাকে, আপনি পাঠ্যক্রম পড়ে তাঁদের নির্ধারিত বিষয়সমূহ সম্বন্ধে জেনে নিতে পারবেন।

সুইডেনের সমস্ত স্কুলকে এই পাঠ্যক্রম অনুসরণ করতে হয়। এর ওপর ভিত্তি করে স্কুলগুলো তাদের কার্যক্রম গড়ে তোলে এবংকার্যক্রমের বিকাশ ঘটায়।

# জিপিএ এবং মূল্যায়ন

(১) প্রথম শ্রেণী থেকে (৫) পঞ্চম শ্রেণীর শিক্ষার্থীরা বসন্তকালীন শিক্ষা অর্ধবর্ষে প্রতি বিষয়ে তথাকথিত মূল্যায়ন পায়। মূল্যায়নটি বলে দেয় যে, শিক্ষার্থী কি নির্দিষ্ট শ্রেণীর জ্ঞানস্তর অর্জন করেছে কি না।

শিক্ষার্থীরা প্রথম গ্রেড বা জিপিএ পায়, ষষ্ঠ শ্রেণীর শরৎকালীন শিক্ষা অর্ধবর্ষের শেষে। এরপর শিক্ষার্থীরা প্রতি শিক্ষা অর্ধবর্ষে নতুন গ্রেড বা জিপিএ পায় নবম শ্রেণীর বসন্তকালীন শিক্ষা অর্ধবর্ষ পর্যন্ত, তখন চূড়ান্ত গ্রেড বা জিপিএ নির্ধারণ করা হয়। চূড়ান্ত গ্রেড বা জিপিএ নিয়ে শিক্ষার্থীরা উচ্চ মাধ্যমিকে ভর্তি হয়।

গ্রেড বা জিপিএ মাপকাঠিটি A থেকে F এর মধ্যে হয়, যেখানে A হল সর্বোচ্চ গ্রেড এবং F হল অগ্রহণযোগ্য।

# শিক্ষার্থীর স্বাস্থ্য এবং সহায়তা

স্কুলের সাথে সম্পর্কিত একটি বিষয় আছে যার নাম শিক্ষার্থীর-স্বাস্থ্য। যার আওতায় শারীরিক চিকিৎসা, মানসিক স্বাস্থ্যসেবা, মনোসামাজিক স্বাস্থ্যসেবা এবং বিশেষ শিক্ষা প্রদানের মত সুযোগ সুবিধার বিষয়গুলো অন্তর্ভুক্ত। শিক্ষার্থীর-স্বাস্থ্য সেবায় একজন স্কুল চিকিৎসক, একজন স্কুল নার্স, একজন মনোবিজ্ঞানী এবং একজন ( কুরাতুর ) কাউন্সেলার বা পরামর্শদাতা নিয়োজিত থাকেন। এছাড়াও বিশেষ শিক্ষায় প্রশিক্ষণপ্রাপ্ত দক্ষতাসম্পন্ন শিক্ষাকর্মীরা থাকেন।

শিক্ষার্থীর-স্বাস্থ্যকর্মীরা শিক্ষার্থীদের ভালো থাকা এবং সুস্বাস্থ্য নিশ্চিত করতে ভূমিকা পালন করেন , উদাহরণস্বরূপ স্বাস্থ্য সংক্রান্ত আলোচনা এবং টিকাদান কর্মসূচী এর মধ্যে অন্যতম।

শিক্ষার্থী-স্বাস্থ্যের মাধ্যমে আপনার সন্তান সুইডিশ জাতীয় শিশু টিকাদান কর্মসূচি অনুযায়ী

টিকা নেওয়ার সুযোগ পায়। এই টিকা প্রদান কর্মসূচী (১১) এগারোটি রোগের বিরুদ্ধে সুরক্ষা দেয়: রোটাভাইরাস সংক্রমণ, ডিপথেরিয়া, ধনুষ্টঙ্কার, হুপিং কাশি, পোলিও, হিমোফিলাস ইনফ্লুয়েঞ্জা টাই-বি দ্বারা সৃষ্ট সংক্রমণ, নিউমোকোকাল রোগ দ্বারা সৃষ্ট গুরুতর রোগ, হাম, মাম্পস ( গাল-গলা ফুলে যাওয়া ), রুবেলা এবং হিউম্যান প্যাপিলোমাভাইরাস (HPV)।

# বিষয়সমূহ

গ্রুন্দস্কুলা বা প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীরা নিম্নলিখিত বিষয়গুলি পড়ে: সুইডিশ, দ্বিতীয় ভাষা হিসাবে সুইডিশ, ইংরেজি, গণিত, চিত্রকলা, সঙ্গীত, কারুশিল্প, গার্হস্থ্য অর্থনীতি, শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, সমাজবিজ্ঞান, ধর্ম, ইতিহাস, ভূগোল, জীববিজ্ঞান, পদার্থবিজ্ঞান, রসায়ন, প্রযুক্তি, শিক্ষার্থীর ইচ্ছেমত পছন্দের বিষয়, আধুনিক ভাষা- যেখানে শিক্ষার্থী যেমন স্প্যানিশ, জার্মান বা ইংরেজি বেছে নেয় এবং মাতৃভাষা-শিক্ষা যদি এটি বিবেচ্য হয়। শিক্ষার্থীরা সব সময় সব বিষয় পড়ে না, বরং বিষয়সমূহ শিক্ষা অর্ধবর্ষ এবং শ্রেণী অনুযায়ী পরিবর্তিত হয়।



## দ্বিতীয় ভাষা হিসাবে সুইডিশ (SVA)

দ্বিতীয় ভাষা হিসাবে সুইডিশ, SVA, একটি স্বতন্ত্র বিষয়, সুইডিশ নামে যে একটি বিষয় রয়েছে SVA সেই সুইডিশ বিষয়েরই সমতুল্য একটি বিষয় । যেসব শিক্ষার্থীদের মাতৃভাষা সুইডিশ নয় তারা SVA পাঠের অধিকার পেতে পারে। SVA শিক্ষায় দ্বিতীয় ভাষা শেখার জন্য নির্দিষ্ট বিষয়গুলি অন্তর্ভুক্ত হতে পারে, যেমন উচ্চারণ, শব্দ ক্রম এবং শিক্ষার্থীদের জানা সব ভাষার সাথে তুলনা। স্কুল নির্ধারণ করে শিক্ষার্থী SVA পাঠের অধিকার এবং প্রয়োজন আছে কিনা।

# মাতৃভাষা শিক্ষা এবং মাতৃভাষায় অধ্যয়নের সহায়তা

মাতৃভাষা একটি শিশুর ভাষা, চিন্তা, পরিচয় এবং ব্যক্তিত্বের বিকাশের জন্য খুব গুরুত্বপূর্ণ। একটি ভালোভাবে বিকশিত মাতৃভাষা সুইডিশ, অন্যান্য ভাষা এবং অন্যান্য বিষয়গুলি শেখার জন্য ভালো সুযোগ তৈরি করে দেয়।

আপনার সন্তান তার মাতৃভাষায় শিক্ষা পেতে পারে। আপনি যদি চান আপনার সন্তান তার মাতৃভাষায় শিক্ষা পাবে, তাহলে আপনাকে এক্ষেত্রে আবেদন করতে হবে। আপনি এটি পৌরসভার ওয়েবসাইটের একটি ই-সার্ভিসের মাধ্যমে করতে পারবেন। **harnosand.se/modersmalsundervisning**



# খেলাধুলা এবং সাঁতার শিক্ষা

আপনার সন্তানের সুস্বাস্থ্য বজায় রাখতে নিয়মিত শরীরচর্চা করা এবং ভালো অভ্যাস বজায় রাখা এবং অর্থপূর্ণ অবসর সময় থাকা গুরুত্বপূর্ণ। শিক্ষাক্রমে "খেলাধুলা এবং স্বাস্থ্য" নামে একটি বিষয় রয়েছে। এটি আপনার সন্তানকে খেলাধুলা, শারীরিক কার্যকলাপ এবং বহিরঙ্গন কার্যক্রমের ইতিবাচক অভিজ্ঞতা দেবে। শিক্ষাক্রমে এটি উল্লেখ করা রয়েছে যে আপনার সন্তানের সাঁতার শেখা উচিত।

সব শিশুদের খেলাধুলা এবং সাঁতার শিক্ষায় অংশগ্রহণ করতে হবে। একজন অভিভাবক হিসাবে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে , আপনার সন্তান যেন স্কুলের শরীর চর্চার দিনে খেলাধুলার পোশাক, সাঁতারের পোশাক এবং তোয়ালে সঙ্গে করে নিয়ে আসে তা নিশ্চিত করতে আপনি সহায়তা করবেন। খেলাধুলার আগে শিশুদের পোশাক পরিবর্তন করতে হবে এবং পরে স্নান / গোসল করতে হবে।

যদি আপনার সন্তান কোন কারণে খেলাধুলায় অংশগ্রহণ করতে না পারে তবে শিক্ষককে আপনি তা জানিয়ে দিতে বাধ্য থাকবেন।

# উন্নয়নমূলক আলোচনা এবং অভিভাবক সভা

প্রতি শিক্ষা অর্ধবর্ষে  স্কুল একজন অভিভাবক হিসেবে আপনার সাথে সাক্ষাৎ করতে চায়। প্রতি শিক্ষা অর্ধবর্ষে একবার উন্নয়নমূলক আলোচনা হয়। তখন আপনি এবং আপনার সন্তান একজন শিক্ষক বা ( কুরাতুর ) পরামর্শকের সাথে সাক্ষাৎ করবেন এবং স্কুলে আপনার সন্তানের অগ্রগতি নিয়ে আলোচনা করবেন।

প্রতি শিক্ষাবর্ষে একবার, সাধারণত শরতের শুরুতে, অভিভাবক সভা হয়। তখন স্কুল একটি ক্লাসের সকল অভিভাবকের সাথে সাক্ষাৎ করে এবং স্কুল এবং আসন্ন শিক্ষাবর্ষ সম্পর্কে তথ্য প্রদান করে।

আপনি স্কুলে এসে পরিদর্শন করতে চাইলে আপনাকে স্বাগতম। তবে এর আগে আপনাকে আপনার সন্তানের শ্রেণীর শিক্ষকের সাথে মত বিনিময় করতে হবে  এবং স্কুল অফিসে নাম নথিভুক্ত বা সংশ্লিষ্ট করতে হবে।

# খাদ্য



আপনার সন্তানকে স্কুলে দুপুরের খাবার সরবরাহ করা হবে । দুপুরের খাবারের জন্য কোন খরচ নেই । প্রায় সব স্কুলেই বিভিন্ন খাবারের বিকল্প এবং বিভিন্ন ধরনের শাকসবজি বেছে নেয়ার সুযোগ থাকে । যদি আপনার সন্তানের শারীরিক কারণে বিশেষ খাবারের প্রয়োজন থেকে থাকে, যেমন অ্যালার্জির ক্ষেত্রে, তাহলে আপনি ডাক্তারের সনদ জমা দিলে তা পাওয়া যাবে। যদি আপনার সন্তান নিরামিষাশী, ভেগান হবার কারণে বা ধর্মীয় কারণে বিশেষ খাবারের প্রয়োজন পড়ে, তাহলে আপনাকে তা স্কুলকে জানাতে হবে, তবে এ ক্ষেত্রে আপনার কোনো সনদ বা প্রমাণপত্র জমা দেয়ার প্রয়োজন নেই। **harnosand.se/specialkost**

# স্কুল পরিবহন

যদি আপনার সন্তান স্কুল থেকে দূরে থাকে, যদি স্কুলপথ বিপজ্জনক হয় অথবা আপনার সন্তান বিশেষ চাহিদাসম্পন্ন হয়, তাহলে সে স্কুল পরিবহন সেবার সুযোগ পেতে পারে। এর অর্থ আপনার সন্তান বিনামূল্যে বাড়ি এবং স্কুলের মধ্যে পরিবহন ব্যবস্থার সুবিধা পাবে।

স্কুল পরিবহন বিভিন্নরকম হতে পারে। এটি হতে পারে যে আপনার সন্তান একটি বাস কার্ড পাবে এবং সাধারণ বাসে ভ্রমণ করবে, তবে এটি বিশেষভাবে অর্ডার করা বাস, মিনি বাস বা ট্যাক্সিও  হতে পারে। **harnosand.se/skolskjuts**-এ আরও তথ্য পাওয়া যাবে।

যদি আপনার সন্তান স্কুল পরিবহন পেয়ে থাকে এবং তা ঠিকমতো কাজ না করে, তাহলে আপনাকে এই ইমেইলে জানানোর জন্য বলা হচ্ছে: **trafikenheten@harnosand.se**

# মোবাইল ফোন

শিশুরা প্রারম্ভিক শ্রেণি থেকে ষষ্ঠ শ্রেণি পর্যন্ত স্কুল চলাকালীন সময়ে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না। তাই স্কুল চায় শিশুরা তাদের ফোন বাড়িতে রেখে আসুক। যদি তারা ফোন নিয়ে আসার সিদ্ধান্ত নেয়, তাহলে তারা স্কুল শুরু হওয়ার সময় একজন শিক্ষকের কাছে তা জমা দেবে এবং স্কুল শেষ হলে তা ফেরত পাবে।

সপ্তম থেকে নবম শ্রেণির শিক্ষার্থীরা ক্লাসে মোবাইল ফোন ব্যবহার করতে পারবে না।

# অভিযোগ সংক্রান্ত কর্তব্য

যদি কেউ সন্দেহ করে যে একটি শিশু ক্ষতির সম্মুখীন হচ্ছে, তারা এ ব্যাপারে পৌরসভার কাছে অভিযোগ করতে পারে। এটিকে উদ্বেগের অভিযোগ বলা হয়। এটি উদাহরণস্বরূপ হতে পারে- শিশুটিকে মারধর করা হচ্ছে বা শিশুটি তার প্রয়োজনীয় যত্নআত্তি পাচ্ছে না, এমন উদ্বেগ।

যে সকল ব্যক্তিবর্গ এমন একটি পেশার সঙ্গে জড়িত, যে পেশায় শিশু ও কিশোর কিশোরী সম্পৃক্ত, সে সকল কর্মীবৃন্দের যদি তাঁদের কর্মক্ষেত্রে কোন প্রকার সন্দেহ হয় যে কোনো শিশু ক্ষতিগ্রস্ত হবার ঝুঁকি রয়েছে, তবে আইন অনুযায়ী উক্ত কর্মী বা কর্মীবৃন্দ একটি উদ্বেগজনক অভিযোগ জানাতে বাধ্য থাকবেন ।

# অবকাশ কেন্দ্র - ফ্রিতিদ্‌স হেম বা ফ্রিতিদ্‌স

ফ্রিতিদ্‌স সপ্তাহের কাজের দিনগুলোতে সকাল ৬.৩০ থেকে সন্ধ্যা ৬.৩০ পর্যন্ত খোলা থাকে।

যে সময়ে একজন শিশুর দুজন অভিভাবকই কাজ করেন সেই সময়ের মধ্যে শিশুদের ফ্রিতিদ্‌সে থাকার অধিকার আছে। আপনাকে আগে থেকে জানাতে হবে আপনার শিশুটি কোন সময়গুলোতে ফ্রিতিদ্‌সে থাকবে।

প্রতি শিক্ষাবর্ষে চার বার ফ্রিতিদ্‌সের পরিকল্পনা দিবস থাকে। তখন ( ভিকারিয়ের ) প্রতিস্থাপিত কর্মীরা কাজ করেন এবং যদি আপনার শিশুকে সেই দিনগুলোতেও ফ্রিতিদ্‌সে রাখার দরকার পড়ে তখন অনেক স্কুলই সাধারণত চায় অভিভাবক হিসেবে আপনি যেন একটি অতিরিক্ত দরখাস্ত করেন ।

যদি আপনার শিশুর আর ফ্রিতিদ্‌সে থাকার প্রয়োজন না থাকে তবে আপনাকে অন্তত ১৪ দিন আগে ফ্রিতিদ্‌সের সিটটি বাতিল করতে হবে।

# স্কুলে ছবি তোলা ও ভিডিও করা

স্কুলে কর্মরত কর্মীরা কার্যক্রমের ছবি তুলতে ও ভিডিও করতে পারবেন। উদাহরণস্বরূপ, এটি শিক্ষার্থীদের উন্নয়নের নথিপত্র তৈরি ও শেখার সুবিধার্থে করা হয়। আপনি অভিভাবক হিসেবে স্কুলে ছবি তুলতে ও ভিডিও করতে পারবেন না।

আপনাকে একটি ফর্ম দেওয়া হবে যেখানে আপনি পূরণ করবেন যদি আপনি মনে করেন যে, আপনার শিশুর ছবি পৌরসভার ওয়েবসাইটে এবং সামাজিক মাধ্যমে দেখাতে আপনি রাজি আছেন। ফর্মের নাম হচ্ছে Samtycke till publicering av personuppgifter "ব্যক্তিগত তথ্য, ছবি ও ভিডিও প্রকাশের জন্য সম্মতি"। প্রিস্কুল বা প্রাক-প্রাথমিক বিদ্যালয় থেকে নবম শ্রেণি পর্যন্ত।

# ফর্ম ও ই-সেবা

বিশেষ খাদ্য

মাতৃভাষা শিক্ষা

তথ্য, ছবি ও ভিডিও প্রকাশের সম্মতি/ জিডিপিআর

# স্কুলের সাথে যোগাযোগের তথ্য

Härnösands kommun